

## পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

মেদিনীপুর – ৭২১১০১

### নীলাম নোটিশ

এতদ্বারা জনসাধারণকে জানানো যায় যে, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের ক্যান্সাসের মধ্যে ঝড়ে পড়ে যাওয়া রাধাচূড়া, শিশু, বকুল সহ জ্বালানী কাঠ ইত্যাদি ও ৬৬টি গাছের গুড়ি আগামী ২০.৮.২০১০ তারিখ বেলা ১২.৩০টায় পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের সভাকক্ষে প্রকাশ্য নীলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। নীলাম ডাকের সরকারী নিয়ম অনুযায়ী ইচ্ছুক ব্যক্তিগণকে উক্ত দিনে নির্দিষ্ট সময়ে উপস্থিত থেকে নীলাম ডাকে অংশ গ্রহন করতে আহ্বান জানানো হচ্ছে।

নিম্নলিখিত শর্ত ও নিয়ম অনুযায়ী নীলাম ডাক হবেঃ-

১. ডাকে অংশ গ্রহন করার জন্য নীলাম ডাকের পূর্বে ১৩০০ (এক হাজার তিনশত) টাকা নগদ জমা দিয়ে ব্যক্তি / প্রতিষ্ঠানের নাম নথীভুক্ত করতে হবে।
২. ডাকের শেষে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডাককারী বাদে অন্য সকলের জমা অর্থ ফেরৎ দেওয়া হবে।
৩. প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারে তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তাঁর ডাকের সমূহ অর্থ মিটিয়ে দেওয়ার সুযোগ দেওয়া হবে। দ্বিতীয় ডাককারী অর্থ জমা দিতে না পারলে তৃতীয় ডাককারীকে সুযোগ দেওয়া হবে। এই ক্ষেত্রে প্রথম ও দ্বিতীয় ডাককারীকে জামানত অর্থ বাজেয়াপ্ত করা হবে। অনুরূপভাবে তৃতীয় ডাককারী তার ডাকের সমূহ অর্থ মিটিয়ে দিতে না পারলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা হবে এবং ডাক বাতিল বলে গণ্য হবে। যদি দেখা যায় যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় ডাককারীর ডাকের টাকার পার্থক্য খুব বেশী থাকে তবে সেক্ষেত্রে জিলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলে ঘোষণা করতে পারবেন। এক্ষেত্রে জিলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৪. যেদিন গাছ কাটার অনুমতি দেওয়া হবে সেদিন থেকে একমাসের মধ্যে নীলামকৃত সমূহ গাছ নিজে খরচে কেটে বহন করতে হবে। গাছ কাটার সময় কোন বৈদ্যুতিক লাইন, টেলিফোন লাইন বা অন্য কোনরূপ সরকারী সম্পত্তির যাতে কোনরূপ ক্ষতি না হয় ডাককারীকে সুনিশ্চিত করতে হবে।
৫. নীলাম ডাকের সরকারী সমস্ত নিয়ম প্রযোজ্য।
৬. নীলাম ডাক ১২,৯০৮ (বারো হাজার নয়শত আট) টাকা থেকে শুরু হবে।
৭. পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারণ না দেখিয়ে যে কোন নীলাম ডাক গ্রহন / বাতিল করতে পারে।

  
সচিব

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

পত্র নং – ১০১(১১৫)/বন ও ভূমি

তারিখ – ১০.০৮.২০১০

প্রতিলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলঃ

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. জেলা সমাহর্তা দপ্তরের নোটিশ বোর্ড, পশ্চিম মেদিনীপুর।
৩. অফিস নোটিশ বোর্ড।
৪. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক দপ্তরের নোটিশ বোর্ড, পশ্চিম মেদিনীপুর।
৫. বিভাগীয় বনাধিকারিক, মেদিনীপুর বনবিভাগ, মেদিনীপুর / খড়াপুর বনবিভাগ, খড়াপুর / ঝাড়গ্রাম বনবিভাগ, ঝাড়গ্রাম / রূপনারায়ণ ভূমি সংরক্ষণ বিভাগ, রাঙামাটি, মেদিনীপুর।
৬. জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
৭. উপ সচিব, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৮. গাণনিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৯. মহকুমা শাসক, মেদিনীপুর / খড়াপুর / ঝাড়গ্রাম / ঘাটাল মহকুমা।
১০. মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, মেদিনীপুর / খড়াপুর / ঝাড়গ্রাম / ঘাটাল মহকুমা।
১১. নির্বাহী বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১২. সভাপতি/ নির্বাহী আধিকারিক, সকল পঞ্চগয়েত সমিতি।
১৩. ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক (সকল), পশ্চিম মেদিনীপুর।
১৪. প্রধান, ..... গ্রাম পঞ্চগয়েত।
১৫. রামকৃষ্ণ সিং, সম্পাদক, কাঠ ব্যবসায়ী সমিতি, হোয়াইট হাউস লজ, নিউবাস স্ট্যান্ড, ঝাড়গ্রাম।
১৬. সম্পাদক, কাঠ ব্যবসায়ী সমিতি, চন্দ্রকোনা রোড (দুলভগঞ্জ) সাতবাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর।
১৭. সম্পাদক, কাঠ ব্যবসায়ী সমিতি, রাঙামাটি, পশ্চিম মেদিনীপুর।
১৮. সহ বাস্তুকার, ঝাড়গ্রাম/ঘাটাল/খড়াপুর/মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১৯. জেলা তথ্য বিশ্লেষক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ। উক্ত নোটিশটি জেলা পরিষদের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হল।



সচিব

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ